



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১



Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/নথি নং-২৭/৮৮

তারিখ: ২০ চৈত্র, ১৪৩০
০৩ এপ্রিল, ২০২৪


বিষয়: কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে

সূত্র : (১) মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং- নং/বামাশিবো/প্রশা/২২৪২১১০৩২৮৩১/৬৪৭২৯/নথি নং-২৭; তারিখ: ০৬ জুলাই ২০২২
(২) উপজেলা নির্বাহী অফিসার, সদর, ব্রাহ্মণবাড়িয়া স্মারক নং ০৫.৪২.১২১৩.০০০.০৯.০০১.২৪-১৯৩; তারিখ: ০৫ মার্চ ২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ব্রাহ্মণবাড়িয়া জেলার সদর উপজেলাধীন বড় হরণ ইসলামিয়া দাখিল মাদ্রাসার সুপার গত ১৫/০১/২০২৪ তারিখে উপজেলা নির্বাহী অফিসার, সদর, ব্রাহ্মণবাড়িয়া বরাবরে ম্যানেজিং কমিটির অনিয়ম, দুর্নীতির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য একখানা অভিযোগ দাখিল করেন। অভিযোগের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, সদর, ব্রাহ্মণবাড়িয়া সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন সূত্রোক্ত ০২ নং স্মারকে রেজিস্ট্রার মহোদয়ের এর অফিসিয়াল ই-মেইলে এবং ডাকযোগে অত্র বোর্ডে প্রেরণ করেন। প্রেরিত তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, উক্ত মাদ্রাসার বর্তমান ম্যানেজিং কমিটির সভাপতি ও সুপার এর বিরুদ্ধে অবৈধভাবে দোকান নির্মাণের নামে প্রায় ৬৭ লক্ষ টাকা, প্রতি মাসে বিদ্যমান দোকান হতে ভাড়া বাবদ আদায়কৃত প্রায় ৫ লক্ষ টাকা এবং পিবিজিএসআই স্কিমের আওতায় বরাদ্দকৃত ৫ লক্ষ টাকার অনিয়ম, দুর্নীতি প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

বর্ণিত অবস্থায় তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে সভাপতি ও সুপার এর বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হওয়ায় সূত্রোক্ত ০১ নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙে দেওয়া হবে না ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর জবাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


০৬.০৪.২০২৪

প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd


সুপার, বড় হরণ ইসলামিয়া দাখিল মাদ্রাসা,
ডাকঘর: ছোট হরণ, সদর, ব্রাহ্মণবাড়িয়া;

নং- বামাশিবো/প্রশা/নথি নং-২৭/৮৮

তারিখ: ২০ চৈত্র, ১৪৩০
০৩ এপ্রিল, ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া;
২. জেলা শিক্ষা অফিসার, ব্রাহ্মণবাড়িয়া;
৩. উপজেলা নির্বাহী অফিসার, সদর, ব্রাহ্মণবাড়িয়া;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, ব্রাহ্মণবাড়িয়া;
৫. সভাপতি, বড় হরণ ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর: ছোট হরণ, সদর, ব্রাহ্মণবাড়িয়া;
৬. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।


০৭/০৪/২৪

মোঃ ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪

ইমেইল-dradmin@bmeb.gov.bd